

যুগ্মসচিব (আইসিটি) এর দপ্তর
সিস্টেম এনালিস্ট/ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নং: ৯৯৯... তারিখ: ১১/১১/১৬
স্বাক্ষর:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যোগাযোগ মন্ত্রণালয়  
সড়ক বিভাগ  
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা



নং- ৩৫.০২৮.০২৭.০০.০০.০০৬.২০১৩-৩৫৭

তারিখ : ১১ নভেম্বর ২০১৩  
২৭ কার্তিক ১৪২০

### প্রজ্ঞাপন

জনাব তাজিন ফাতেমা (পরিচিতি নম্বর-৬০২১৭৩), উপ-বিভাগীয় প্রকৌশলী(চঃ দাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০-১১-২০০৮ তারিখের সম/ননি/১০/২০০৮-২৪৯ সংখ্যক প্রজ্ঞাপন মূলে ২৭তম বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে নিয়োগ প্রাপ্ত হন। অতঃপর তিনি ১৭-১১-২০০৮ তারিখ সড়ক ও জনপথ অধিদপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে যোগদান করেন;

যেহেতু, জনাব তাজিন ফাতেমা (পরিচিতি নম্বর-৬০২১৭৩), উপ-বিভাগীয় প্রকৌশলী(চঃ দাঃ) এর চাকুরী স্থায়ী না হতেই তাঁর আবেদনের প্রেক্ষিতে সড়ক বিভাগ যোগাযোগ মন্ত্রণালয় হতে বিগত ২০-০৭-২০০৯ তারিখের আরএইচই-১/৮পি-৭২/০৮-৭২৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে Carleton University, Canada- তে M.A.Sc. in Civil Engineering Course- এ অধ্যয়নের জন্য সেপ্টেম্বর, ২০০৯ হতে আগস্ট, ২০১১ তারিখ পর্যন্ত ০২(দুই) বছর প্রেষণ মঞ্জুর করা হয়। তাঁর অনুকূলে মঞ্জুরীকৃত প্রেষণ (Deputation) আগস্ট, ২০১১ তারিখে শেষ হওয়ায় পুনরায় তাঁর আবেদনের প্রেক্ষিতে সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় হতে ১১-০৪-২০১২ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৭২.২০০৮-১৯১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে শর্ত সাপেক্ষে সেপ্টেম্বর, ২০১১ হতে আগস্ট, ২০১২ তারিখ পর্যন্ত আরো ১ (এক) বছরের বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, জনাব তাজিন ফাতেমা এর অনুকূলে মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ ৩১ আগস্ট, ২০১২ তারিখে শেষ হলেও তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি। তিনি ০১-০৯-২০১২ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;


যেহেতু, জনাব তাজিন ফাতেমা (পরিচিতি নম্বর-৬০২১৭৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০-১১-২০০৮ তারিখের সম/ননি/১০/২০০৮-২৪৯ সংখ্যক প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-গ এর শর্ত অনুযায়ী ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে চাকুরী করেননি এবং একই প্রজ্ঞাপনের একই অনুচ্ছেদের শর্ত অনুযায়ী সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাইবে;

যেহেতু, জনাব তাজিন ফাতেমাকে চাকুরী হতে অপসারণ (Removal from Service)- এর বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি চাওয়া হয় এবং মহামান্য রাষ্ট্রপতি এতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

সেহেতু জনাব তাজিন ফাতেমা (পরিচিতি নম্বর-৬০২১৭৩), উপ-বিভাগীয় প্রকৌশলী(চঃদাঃ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০৯-২০১২ থেকে চাকুরী হতে অপসারণ (Removal from Service) করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(এম, এ, এন, ছিদ্দিক)  
সচিব

নং- ৩৫.০২৮.০২৭.০০.০০.০০৬.২০১৩-৩৫৭

তারিখ : ১১ নভেম্বর, ২০১৩  
২৭ কার্তিক ১৪২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
- ৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৮। যুগ্ম-সচিব (আইসিটি ও সমন্বয়), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। যুগ্মসচিব (সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ১৪। জনাব তাজিন ফাতেমা (পরিচিতি নম্বর-৬০২১৭৩), উপ-বিভাগীয় প্রকৌশলী(চঃদাঃ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।



(রওশন আরা বেগম)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৫৫১৯।